



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 9  
Class - 2

Subject : Bengali Text  
Topic : ধন্য ডাক্তারি

Date : 12.06.2020

১) অর্থ লেখ।

ক) ডাক্তার — চিকিৎসক।

খ) ব্যামো — অসুখ।

গ) মেকি — নকল।

ঘ) পল্লিগ্রামের — পাড়াগাঁয়ের।

ঙ) ভারী — বেশি, খুব।

২) শূন্যস্থান পূরণ কর।

ক) আমার হাতে পড়ল এখন একস্-রে করে দেখি।

খ) রোগটা কেমন, কঠিন কি না - আসল কিংবা মেকি।

গ) ইঞ্জেকশান নিতে হবে, অক্সিজেনটা পরে।

ঘ) তার পরেতে দেখব এ রোগ থাকে কেমন করে।

ঙ) ডাক্তারের ডাক্তারির ব্যবস্থা শুনে বদ্যিনাথ ভারী অবাক হল।

৩) একটি বাক্যে উত্তর দাও।

ক) 'ধন্য ডাক্তারি' কবিতাটি কে লিখেছেন?

উঃ 'ধন্য ডাক্তারি' কবিতাটি লিখেছেন সুকান্ত ভট্টাচার্য।

খ) কবিতায় রোগীর নাম কি?

উঃ কবিতায় রোগীর নাম হল বদ্যিনাথ।

গ) বদ্যিনাথ কোথা থেকে এসেছে?

উঃ বদ্যিনাথ পল্লিগ্রাম থেকে এসেছে।

ঘ) কোথায় এসে বদ্যিনাথের অসুখ করেছিল?

উঃ কলকাতায় এসে বদ্যিনাথের অসুখ করেছিল।

ঙ) বদ্যিনাথের কী অসুখ করেছিল?

উঃ বদ্যিনাথের সর্দি হয়েছিল।

৪) নীচের বাক্যগুলির পাশে 'ঠিক' বা 'ভুল' লেখ।

ক) বদ্যিনাথ শহরের লোক। (ভুল)

খ) বদ্যিনাথ রোগের জন্য জোলাপ ও নস্যি নিয়েছিল। (ঠিক)

গ) ডাক্তার আইস্-ব্যাগ বদ্যিনাথের মাথায় দুদিন রাখতে বলেছিল। (ভুল)

ঘ) বদ্যিনাথের সর্দি হল কলাইকুণ্ডায় গিয়ে। (ভুল)

ঙ) ডাক্তার বদ্যিনাথকে তার রোগের জন্য ইঞ্জেকশান নেওয়ার কথা বলেছিল। (ঠিক)